দৈনিক ইনকিলাব

তারিখ 2 8 JUL 1987
পৃষ্ঠা ... 6 ... কলাম 1 ...

198

# উপজেলা পরিক্রমা

## বদলগাছী

ধামইরহাট (নওগাঁ), ১৯ জুলাই (সংবাদদাতা)।— নওগাঁ সদর হতে ১১ মাইল উত্তরে, বদলগাছী যমুনা নদীর পশ্চিম তীরে অবস্থিত। এই উপজেলার লোক অনেক উচ্চ-শিক্ষিত ও সরকারী উচ্চ পদে চাকরিতে আছেন। এই উপজেলার জমি উর্বরা বলে প্রচুর ধান জন্মে। উপজেলার অফিসসমূহের সামান্য উত্তরে মাবুদশাহের মাজার আছে। বদলগাছী উপজেলায় ৮টি ইউনিয়ন। বদলগাছী, জনদীশপুর, মিঠাপুর, আধাইপুর, কোলা, বিলাশবাড়ী, বালুভরা, মথুরাপুর।

**পরিসংখ্যান**

আয়তন ৮১ বর্গমাইল। গ্রামের সংখ্যা ২৪৮টি, ইউনিয়নের সংখ্যা ৮টি, মোট জন সংখ্যা ১,৬২,৬৬৯ জন, পুরুষ ৮৩৯৫২ জন, স্ত্রীলোক ৫৮৭১৭ জন।

মোট জমির পরিমাণ ৫১৮৪০ একর আবাদী ৪৫,৯৩৫ একর, অনাবাদী জমি ৫,৮৯০ একর, জমির রকম এটেল দো-আঁশ ও বরেন্দ্র ভূমি। উৎপন্ন দ্রব্য ধান, পাট ও যাবতীয় রবিশস্য। সরকারী প্রাইমারী স্কুল ৭৫টি, বেসরকারী প্রাইমারী স্কুল ৯টি, হাই স্কুল ১৭টি, জুনিয়র হাই স্কুল ৫টি, মাদ্রাসা ১৬টি, কলেজ ১টি মসজিদ ৩০০টি ও মন্দির ৫টি।